

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৩৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫২১]

৪৫। সাহাবা (রাযিঃ) গণের ফজিলত [মর্যাদা] (کتاب فضائل الصحابة رضی الله تعالی عنهم) পরিচ্ছেদঃ ৪৭. গিফার, আসলাম, জুহাইনাহ, আশজা, মুযাইনাহ, তামীম, দাওস ও তাইয়ী গোত্রের ফ্যীলত

باب مِنْ فَضَائِلِ غِفَارَ وَأُسْلَمَ وُجُهَيْنَةَ وَأُشْجَعَ وَمُزَيْنَةَ وَتَمِيمٍ وَدَوْسٍ وَطَيِّئِ

আরবী

حَدَّثَنِي زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَيَعْقُوبُ الدَّوْرَقِيُّ، قَالاَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ، _ يَعْنِيَانِ ابْنَ عُلَيَّةَ _ حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ مُحَمَّدٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لأَسْلَمُ وَغِفَارُ وَشَىْءٌ مِنْ مُزَيْنَةَ وَجُهَيْنَةَ أَوْ شَىْءٌ مِنْ جُهَيْنَةَ وَمُزَيْنَةَ خَيْرٌ عِنْدَ اللَّهِ _ قَالَ أَحْسِبُهُ قَالَ _ يَوْمَ الْقِيَامَةِ مِنْ أَسَدٍ وَغَطَفَانَ وَهَوَازِنَ وَتَمِيمٍ " .

বাংলা

৬৩৩৭-(১৯২/...) যুহায়র ইবনু হারব ও ইয়াকুব আদ-দাওরাকী (রহঃ) আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আসলাম, গিফার, মুযাইনাহ ও জুহাইনার কিয়দংশ কিংবা জুহাইনাহ ও মুযাইনার কিছু লোক আল্লাহর নিকট বর্ণনাকারী বলেন যে, আমার মনে হয় তিনি বলেছেন, কিয়ামত দিবসে আসাদ, গাতফান, হাওয়াযিন ও তামীম গোত্রের তুলনায় উত্তম বলে গণ্য হবে। (ইসলামিক ফাউন্ডেশন ৬২১৪, ইসলামিক সেন্টার ৬২৬১)

English

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) as saying:

Aslam, Ghifar or some people from Muzaina, Juhaina (with the variation of words) are better in the eye of Allah than Asad, Ghatfan, Hawizin and Tamim. The narrator said: I think he also said: "On the Day of Resurrection."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন